

**২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু
প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**


২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রাইভেট পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১২/১০/২০১৭ থেকে ২৩/১০/২০১৭ তারিখের মধ্যে তাদের প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা হবে। এ জন্য কলেজ ক্যাশ শাখা থেকে রসিদ সংগ্রহ করে ১১৬০/- (এক হাজার একশত ষাট) (তালিকাভুক্তি ফি ১০০/- + নির্বাচনী পরীক্ষার ফি ৬৫০/- + অত্যাবশ্যকীয় কর্মচারি ফি ৩০০/- + ব্যবস্থাপনা ফি ৫০/- + পরিবহন ফি ৬০/-) টাকা সাউথইস্ট ব্যাংক লিঃ, কলেজ বুথ, বিজ্ঞান ভবন এ জমা দিয়ে রসিদসহ তালিকাভুক্তির জন্য সাদা কাগজে আবেদন করতে হবে।

প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিস্তারিত নিয়ামাবলী উচ্চমাধ্যমিক চূড়ান্ত পরীক্ষা কমিটি-২০১৮ এর সদস্য জনাব মোঃ আব্দুল হালিম, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ-এর নিকট থেকে জানা যাবে।


প্রয়োজনীয় শর্তসমূহ:

- ০১। (ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের মূল নম্বরপত্র ও মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।
- (খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উনুজ্ঞ বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।
- (গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।
- (ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের উচ্চমাধ্যমিক (এইচ.এস.সি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৩ বা তৎপূর্ববর্তী বৎসরের এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।
- (ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।
- (চ) প্রার্থীর সম্প্রতিকালে উঠানো ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদন ফরমে আটকিয়ে দিতে হবে।
- (ছ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত: তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।
- (জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমার্ভিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।
- (ঝ) কোন শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতি লেখক (জ্জাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতি লেখক (জ্জাইব) নিযুক্ত করতে হবে।

প্রতি স্বাক্ষর


২০/১০/১৭
অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।


১০/১০/২০১৭

আহ্বায়ক

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা কমিটি-২০১৮

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।